

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-০৭

আগরতলা, ০২ এপ্রিল, ২০২০

**রাজ্যে এখনও পর্যন্ত করোনা ভাইরাস সংক্রমিত রোগীর সন্ধান না  
পাওয়া গেলেও আমাদের সকলকে সর্তক থাকতে হবে : মুখ্যমন্ত্রী**

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় রাজ্যের প্রধান হাসপাতাল জিবিতে কি কি ব্যবস্থা রয়েছে তা আজ সরেজমিনে পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। পাশাপাশি রাজ্যে যদি করোনা ভাইরাস সংক্রমিত রোগী পাওয়া যায় সেক্ষেত্রে জিবিতে কিভাবে রোগীর চিকিৎসা করা হবে তার মহড়াও পর্যবেক্ষণ করেন মুখ্যমন্ত্রী। আজ বিকেলে মুখ্যমন্ত্রী জিবি হাসপাতালে গিয়ে আইসোলেশন ওয়ার্ড, আইসি ইউ ওয়ার্ড ঘুরে দেখেন এবং চিকিৎসকদের প্রয়োজনীয় নির্দেশ দেন। এছাড়াও মুখ্যমন্ত্রী চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের কাউন্সিল কক্ষে এক বৈঠক করেন। বৈঠকে মুখ্যসচিব মনোজ কুমার, স্বাস্থ্যসচিব ডাঃ দেবাশিষ বসু এবং স্বাস্থ্য দপ্তরের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে মিজোরাম সীমান্ত এলাকায় এবং চুড়াইবাড়ি গেটে কঠোর সর্তকতা অবলম্বনের জন্য মুখ্যসচিবকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। মিজোরাম সীমান্ত এবং চুড়াইবাড়ি গেটে দিয়ে যাতে রাজ্যের কোন মানুষ বর্হিরাজ্যে যেতে না পারে এবং আসাম মিজোরাম সহ অন্যান্য রাজ্যের মানুষও যাতে রাজ্যে প্রবেশ করতে না পারে সে বিষয়ে সর্তক থাকার জন্য বলেন মুখ্যমন্ত্রী। তিনি আরও বলেন, বর্হিরাজ্য থেকে প্রয়োজনীয় পণ্যবাহী যে সমস্ত গাড়ি রাজ্যে প্রবেশ করবে তাদেরও ভালো করে স্ক্রিনিং করে রাজ্যে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে।

সত্তায় মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে এখনও পর্যন্ত করোনা ভাইরাস সংক্রমিত রোগীর সন্ধান না পাওয়া গেলেও আমাদের সকলকে সর্তক থাকতে হবে। করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় জিবি হাসপাতালে যে সমস্ত ব্যবস্থা করা হয়েছে তা সঠিক প্রয়োগের উপরও গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী। সত্তায় জিবি হাসপাতালের চিকিৎসক প্রদীপ ভৌমিক জানান, করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় সমস্তরকমের ব্যবস্থা নেওয়া হয়েছে। যদি করোনা ভাইরাস সংক্রমিত রোগী পাওয়া যায় তার চিকিৎসার জন্য চিকিৎসক, নার্স, ওয়ার্ডবয় সহ অন্যান্যদের নিয়ে বিভিন্ন টিম গঠন করা হয়েছে। পাশাপাশি হাসপাতালে রোগীর চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন পরীক্ষা নিরীক্ষারও সুবিনোদন করে রাখা হয়েছে। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় বিভিন্ন হাসপাতাল, কমিউনিটি হেলথ সেন্টার, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা সংক্রান্ত যে নিয়ম শৃঙ্খলা তৈরী হয়েছে তা ভবিষ্যতেও যাতে ধারাবাহিকভাবে বজায় থাকে সে বিষয়ে গুরুত্ব দিতে হবে। করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজী দেশবাসীর উদ্দেশ্যে যে আহ্বান রেখেছেন তা রাজ্যে যথাযথভাবে পালন করার জন্য রাজ্যের চিকিৎসক, আরক্ষা প্রশাসন সহ সকলেই যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তার জন্য সকলকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। রাজ্যে যাতে লকডাউন ব্যবস্থাকে যথাযথভাবে পালন করা হয় এবং সামাজিক দূরত্ব বজায় রাখা হয় সে বিষয়ে রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান মুখ্যমন্ত্রী। পরে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, বর্হিরাজ্য থেকে যারা রাজ্যে এসেছেন তাদের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। এক্ষেত্রে সবার রিপোর্টই নিশ্চিতভ এসেছে। বর্হিরাজ্য থেকে রাজ্যে ফিরে যদি কেউ আত্মগোপন করে থাকেন তবে তার বিরুদ্ধে এপিডেমিক ডিজিস অ্যাক্ট অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাও নেওয়া হবে বলে সাংবাদিকদের জানান মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*